[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** The Daily Star

## Job Summary

**Posted On:** 13 Dec 2024

**Application Deadline:**12 Jan 2025

# জেলা পরিষদ কার্যালয়
## নাটোর
www.zpnatore.gov.bd

স্মারকনং- ৪৬.০০.৬৯০০.০০১.১১.০০৪.২২-৫১৪ (২০০)

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
১২ ডিসেম্বের ২০২৪ খ্রিস্টাব্দ

## “পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি”

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় , স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২৪ নভেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১৯.১৯.১৫৯৩ সংখ্যক স্মারকে ছাড়পত্র মোতাবেক নাটোর জেলা পরিষদের হিসাবরক্ষক ০১ টি, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ০১ টি, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর-কাম-দপ্তরী ০১ টি, অফিস সহায়ক ০৩ টি এবং পরিচ্ছন্নতা কর্মী ০১টি মোট ০৭ টি শূন্য পদে নিয়াগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে পুনঃদরখাস্ত আহবান করা যাচ্ছে। ইতিপূর্বে যারা উক্ত পদে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

| ক্রঃনং | পদের নাম | বেতন স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | হিসাবরক্ষক | ১৩ তম (১১০০০-২৬৫৯০) | ১ (এক)টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে ২য় শ্রেণীতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২ | নিম্নমান সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ তম (৯৩০০-২২৪৯০) | ১ (এক)টি | (ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। (খ) কম্পিউটার MS Office এ কাজ করার দক্ষতা থাকতে হবে। (গ) কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি মিনিটে ইংরেজীতে ৪০ শব্দ এবং বাংলায় ৩০ শব্দ। |
| ৩ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম-দপ্তরী | ২০ তম (৮২৫০-২০০১০) | ১ (এক)টি | স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট /সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪ | অফিস সহায়ক | ২০ তম (৮২৫০-২০০১০) | ৩ (তিন)টি | স্বীকৃত কোন শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট /সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫ | পরিচ্ছন্নতা কর্মী | ২০ তম (৮২৫০-২০০১০) | ১ (এক)টি | অষ্টম শ্রেণির স্কুল সার্টিফিকেট / সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

## শর্তাবলী

০১। আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা ও নাগরিক হতে হবে।

০২। আবেদনকারীকে সরকার কর্তৃক নির্ধারিত ০১(এক) পাতার চাকুরির আবেদন ফরমে আবেদন করতে হবে। উক্ত আবেদন ফরম জেলা পরিষদ, নাটোর এর ওয়েবসাইট (www.zpnatore.gov.bd) এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.mopa.gov.bd) ও (www.forms.gov.bd) এ পাওয়া যাবে।

০৩। প্রার্থীর আবেদন পত্রে নিম্মলিখিত তথ্যাদি উল্লেখ থাকতে হবে :
(ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) প্রার্থীর বয়স ১২-০১-২০২৫ খ্রিঃ তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। আবেদন পত্র গ্রহণের শেষ তারিখ পর্যন্ত চাকুরিতে প্রবেশের বয়স সংক্রান্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি কার্যকর হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (জ) জাতীয়তা (ঝ) শিক্ষাগত যোগ্যতা (ঞ) মোবাইল নম্বর (ট) কোটা (ঠ) অভিজ্ঞতা (যদি থাকে)।

০৪। দরখাস্তের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :
(ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাঙ্কিত সীলসহ) সকল পরীক্ষার সনদ এর ফটোকপি।
(খ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি ছবি।
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র।
(ঘ) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ।
(চ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক কম্পিউটার প্রশিক্ষণের সত্যায়িত সনদ।
(ছ) আবেদনপত্রের সাথে ২০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর এর অনুকূলে জমা দিতে হবে।
(জ) যোগাযোগের ঠিকানাসহ লিখিত ফেরত খাম ৯.৫০´´ x ৪.৫০´ সাইজের এবং ১০ (দশ) টাকার ডাকটিকেট সংযুক্ত করতে হবে।

০৫। খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর বরাবর আগামী-১২-০১-২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন গ্রহণযোগ্য হবে না।

০৬। (ক) মুক্তিযোদ্ধা,শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ থাকতে হবে। (খ) মুক্তিযোদ্ধা,শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনার সন্তানদের এবং মুক্তিযোদ্ধার সঙ্গে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সিটি করপোরেশনের ওয়ার্ড কাউন্সিলর, পৌরসভার মেয়র/প্রশাসক ও পৌরসভার কাউন্সিলর কর্তৃক সার্টিফিকেট থাকতে হবে।
(গ) চাকুরীতে নিয়োগের পূর্বে পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করতে হবে এবং উক্ত পুলিশ ভেরিফিকেশন ফরমে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র কন্যার সম্পর্কিত একটি ঘর/কলাম সংযোজন করতে হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্টের তথ্য ও সাটিফিকেটের তথ্য গড়মিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ এ বিষয়ে তদন্ত করে চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন।

০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/ শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটাসহ সরকার নির্ধারিত সকল কোটা সংরক্ষণ করা হবে। সরকার নির্ধারিত কোটায় আবেদনকারী সম্পর্কে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সনদপত্র থাকতে হবে। নির্ধারিত কোটায় যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট কোটার শুন্য পদসমূহ সাধারণ মেধা তালিকা হতে পূরণ করা হবে।

০৮। মৌখিক পরিক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ সেট ফটোকপি দাখিল করতে হবে

০৯। উপজাতিদের ক্ষেত্রে জেলা প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক উপজাতি সনদপত্র এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে যথাযথ দপ্তর/বিভাগ/সংস্থা প্রধানের সনদপত্র থাকতে হবে।

১০। চাকুরীর শর্তাবলী বেতন/ভাতা/অন্যান্য সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০ (সংশোধিত-২০২২) এবং স্থানীয় সরকার (জেলা পরিষদ কর্মকর্তা/কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৯০ এবং সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে নিয়োগ সংক্রান্ত গঠিত বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। চাকুরীরত প্রার্থীদের তাদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অত্রাফিসে দাখিল করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।

১৩। চাকুরীতে যোগদানের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করে ফিটনেস সাটিফিকেট দাখিল করতে হবে। কোন তথ্য গোপন করলে/ভুল তথ্য প্রদান করলে/পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলেও সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। আবেদনপত্র সমূহ বাছাইয়ের পর সঠিক পাওয়া গেলে প্রার্থীকে নির্বাচনী পরীক্ষার জন্য বিবেচনা করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৫। অসম্পূর্ণ/ত্রুটিযুক্ত নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৬। জেলা পরিষদ নিয়োগ কর্তৃপক্ষ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বা যে কোন/সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন অথবা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। নিয়োগ সংক্রান্ত যাবতীয় তথ্যাদি জেলা পরিষদ, নাটোর হতে জানা যাবে।

১২।১২।২৪

(শামীম ভূইয়া)
প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)
জেলা পরিষদ, নাটোর।

GD-1172